

স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-৭৩

তারিখ : ২৩ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ
০৯ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ


প্রজ্ঞাপন

বিষয়ঃ দশম জাতীয় সংসদের ২২৫ সনামগঞ্জ-২ নির্বাচনি এলাকার শূন্য আসনের ও কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনি এলাকায় ৩০ মার্চ, ২০১৭ তারিখ বৃহস্পতিবার সাধারণ ছুটি ঘোষণা।

The Negotiable Instruments Act, 1881 এর ২৫ ধারার ব্যাখ্যায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে দশম জাতীয় সংসদের ২২৫ সনামগঞ্জ-২ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন ও কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ ৩০ মার্চ, ২০১৭ তারিখ বৃহস্পতিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/ কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

০২। সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি বর্ণিত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/ কর্মচারী সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৩.০৩.২০১৭

(মোঃ আলমগীর হোসেন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫১৪৪৯২

E-mail: reg4@mopa.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, বিভাগ / মন্ত্রণালয়, (নির্বাচন কমিশন সচিবালয়সহ সংশ্লিষ্ট সকল) (তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
- ৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। কমিশনার, সিলেট ও চট্টগ্রাম বিভাগ।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৩। জেলা প্রশাসক, সনামগঞ্জ / কুমিল্লা।
- ১৪। উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সনামগঞ্জ সদর/আদর্শ সদর, সদর দক্ষিণ, কুমিল্লা।
- ১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।